



## যশোর বোর্ডে শীর্ষে খুলনা || নিম্নে মাণ্ডরা

প্রকাশিত: ২০ - জুলাই, ২০১৮ ১২:০০ এ. এম.

স্টাফ রিপোর্টার, যশোর অফিস || যশোর মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের অধীনে ২০১৮ সালের এইচএসসির ফলে বোর্ডের ১০ জেলার মধ্যে শীর্ষস্থানে রয়েছে খুলনা। খুলনা জেলা থেকে ৬৮ দশমিক ৪৫ ভাগ শিক্ষার্থী উত্তীর্ণ হয়ে বোর্ডের ১ম স্থান দখলে নিয়েছে। আর সর্বনিম্ন ০০.০৮ রয়েছে মাণ্ডরা জেলা। এখান থেকে ৪৯ দশমিক ৪০ ভাগ ছাত্রছাত্রী পাস করেছে।

পাসের দিক থেকে দ্বিতীয় অবস্থানে যশোর জেলা। এখান থেকে পাস করেছে ৬৩ দশমিক ৯৫ ভাগ শিক্ষার্থী। তৃতীয় অবস্থানে থাকা কুষ্টিয়া জেলায় পাসের হার ৬১ দশমিক ৪২ ভাগ। চতুর্থ অবস্থানে সাতক্ষীরা জেলা। এ জেলা থেকে ৫৯ দশমিক ৯৬ ভাগ ছাত্রছাত্রী পাস করেছে। এরপরই পঞ্চম স্থানে রয়েছে বাগেরহাট জেলা। এ জেলা থেকে পাস করেছে ৫৯ দশমিক ৬৭ ভাগ শিক্ষার্থী। ষষ্ঠস্থানে রয়েছে ঝিনাইদহ জেলা। এ জেলার পাসের হার ৫৭ দশমিক ৯৭ ভাগ। বোর্ডের ৭ম স্থানে রয়েছে চুয়াডাঙ্গা জেলা। তাদের পাসের হার ৫২ দশমিক ৯০। আর ৫২ দশমিক ৬৯ ভাগ পাস করে ৮ম স্থানে রয়েছে মেহেরপুর জেলা। বোর্ডের তালিকায় নবম স্থানে ঠাঁই হয়েছে নড়াইল জেলা। এখান থেকে পাস করেছে ৫২ দশমিক ৫৬ ভাগ ছাত্রছাত্রী। যশোর শিক্ষা বোর্ডের এবারের এইচএসসি পরীক্ষার ফল অবনমন হয়েছে। এবার পাসের হার ৬০ দশমিক ৪০ শতাংশ। ২০১৭ সালে পাস করেছিল ৭০ দশমিক শূন্য দুই শতাংশ। ২০১৬ সালে যশোর বোর্ডে পাসের হার ছিল ৮৩ দশমিক ৪২ শতাংশ। বৃহস্পতিবার বেলা দেড়টায় প্রেসক্লাব যশোর মিলনায়তনে যশোর বোর্ডের ২০১৮ সালের এইচএসসি পরীক্ষার ফল ঘোষণা করেন বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক মাধব চন্দ্র রঞ্জন। প্রকাশিত ফলে জানা যায়, যশোর বোর্ডে এ বছর ২০১৮ সালে ১ লাখ ৯ হাজার ৬৯২ এইচএসসি পরীক্ষায় অবতীর্ণ হয়ে উত্তীর্ণ হয়েছে ৬৬ হাজার ২৫৮। পাসের হার ৬০ দশমিক ৪০। জিপিএ-৫ পেয়েছে ২হাজার ৮৯ জন।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান, নির্বাহী সম্পাদক: স্বদেশ রায়। সম্পাদক কর্তৃক গ্লোব জনকর্ত শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লি: ও জনকর্ত লি: থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজি: নং ডিএ ৭৯৬। কার্যালয়: জনকর্ত ভবন, ২৪/ এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইঙ্কাটন, জিপিও বাস্ক: ৩৩৮০, ঢাকা, ফোন: ৯৩৮৭৭৮০-৯৯ (অটোহান্টিং ২০ টি লাইন), ফ্যাক্স: ৯৩৫১৩১৭, ৮৩১৬৩০৫, ই-মেইল: [janakanthanews@gmail.com](mailto:janakanthanews@gmail.com) ওয়েবসাইট: [www.dailyjanakantha.com](http://www.dailyjanakantha.com) এবং [www.edailyjanakantha.com](http://www.edailyjanakantha.com) || Copyright ® All rights reserved by [dailyjanakantha.com](http://www.dailyjanakantha.com)